

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, বরগুনা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়।  
[www.barguna.gov.bd](http://www.barguna.gov.bd)

নং-০৫.১০.০৪০০.১০৫.২২.০০২.২৩- ০২

তারিখ : ১৭ পৌষ ১৪৩০  
০১ জানুয়ারি ২০২৪

জরুরি গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৭৮ (১) অনুসারে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আমি মোহাঃ রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, বরগুনা ও রিটার্নিং অফিসার, ১০৯ বরগুনা-০১ এবং ১১০ বরগুনা-০২ আসনের সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, বরগুনা জেলায় ০২ টি নির্বাচনি এলাকায় (১০৯ বরগুনা-১: বরগুনা-আমতলী-তালতলী ও ১১০ বরগুনা-২: বেতাগী-বামনা-পাথরঘাটা) ভোটগ্রহণ শুরুর পূর্ববর্তী ৪৮ ঘন্টা এবং ভোটগ্রহণ সমাপ্তির পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত যে কোনো ধরনের সভা, সমাবেশ, মিছিল ও শোভাযাত্রার উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। উল্লিখিত নির্বাচনি এলাকাসমূহে কোনো ব্যক্তি যে কোনো জনসভা আহ্বান, অনুষ্ঠান বা তাতে যোগদান করতে এবং কোনো ব্যক্তি যে কোনো মিছিল বা শোভাযাত্রা সংগঠিত করতে বা তাতে যোগদান করতে পারবেন না।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৭৮(২)-এর মর্মানুসারে কোনো ব্যক্তি এ বিধান লঙ্ঘন করলে তিনি অনূন ০২ (দুই) বছর ও অনধিক ০৭ (সাত) বছরের সশ্রম কারাদন্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হবেন।

  
০১.০১.২০২৪  
(মোহাঃ রফিকুল ইসলাম)  
জেলা প্রশাসক, বরগুনা  
ও

রিটার্নিং অফিসার  
১০৯ বরগুনা-১ এবং ১১০ বরগুনা-২  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
ফোন: ০২৪৭৮৮৮৬৫৬৬  
e-mail: [dcbarguna@mopa.gov.bd](mailto:dcbarguna@mopa.gov.bd)

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বরিশাল।
৩. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বরগুনা।
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা।
৭. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা (বিজ্ঞপ্তিট বহল প্রচারপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জেলা নির্বাচন অফিসার, বরগুনা।
৯. কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, পটুয়াখালী।
১০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরগুনা।
১১. জেলা তথ্য অফিসার, বরগুনা (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)।
১২. অফিসার ইন-চার্জ, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
১৩. প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরগুনা (বিজ্ঞপ্তিট জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪. অফিস কপি।